ভোরের কাগজ 168

তারিখ SEP. 09 1999
পৃঃ ৬ কলাম ৬

### অধ্যক্ষ ও শিক্ষকরা তালাবদ্ধ

# দেবেন্দ্র কলেজে ছাত্র বিক্ষোভ

মানিকগঞ্জ প্রতিনিধি : একাদশ শ্রেণীর শূন্য আসনে ছাত্র ভর্তির দাবিতে গত মঙ্গলবার সরকারি দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্ররা ক্লাস বর্জন এবং অধ্যক্ষসহ অন্য শিক্ষকদের দুই ঘন্টা তালাবদ্ধ করে রাখে।

চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে তিনটি গ্রুপে ৭০০ আসনে ছাত্র ভর্তির সিদ্ধান্ত হয়। কিন্তু ভর্তির নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পরও ১৩৭টি আসন শূন্য থাকে। এ সকল শূন্য আসনে ছাত্র ভর্তি করতে অধ্যক্ষ অস্বীকৃতি জানালে ছাত্ররা বিক্ষোভ শুরু করে। বেলা ১২টায় তারা সকল ক্লাস বর্জন শুরু করে। অধ্যক্ষসহ অন্য শিক্ষকদের তালাবদ্ধ করে। অধ্যক্ষের টেলিফোনের তার ছিঁড়ে ফেলে। এ সময় ছাত্ররা একটি সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখে কলেজ ছাত্র সংসদের ভিপি ছাত্রদলের মাসুদ ও জিএস বাচ্চু এবং ছাত্রলীগ নেতা তামজিদ উল্লাহ প্রধান লিন্টু, কনক রঞ্জন বসু, মাহবুবুর রহমান গণি ও রিজুয়ানুল ইসলাম অঞ্জন।

পরে দুপুর ২টায় ২ জন ম্যাজিস্ট্রেটের হস্তক্ষেপে তালা ভেঙে অধ্যক্ষসহ অন্যদের উদ্ধার করা হয়। ঐদিনই কলেজের স্টাফ কাউন্সিলের এক সভা ডেকে ঘটনার নিন্দা করা হয়।